

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 246 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "বৃক্ষসমূহের মাঝে একটি বৃক্ষ আছে, যার পাতা পড়ে না, সেটি মুসলিম ব্যক্তির মতোই। তোমরা আমাকে বলো, সেটি কোন গাছ?" ফলে লোকজন জঙ্গলের বিভিন্ন গাছ নিয়ে চিন্তা-ভাবনা করতে লাগলো। আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: "আমার মনে হলো যে, এটি খেজুর বৃক্ষ। কিন্তু আমি তা বলতে লজ্জা বোধ করলাম। তারপর সাহাবীগণ বলেন: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের বলুন, সেটি কোন গাছ?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "সেটি হলো খেজুর গাছ।"

পরে বিষয়টি আমার বাবাকে (উমার রাদ্বিয়াল্লাহু আনহু) বললে, তিনি বলেন: "তুমি যদি বলতে যে এটি খেজুর গাছ তবে তা আমার জন্য এতো এতো সম্পদের চেয়েও প্রিয় হতো।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৮১১, ৬৩; সহীহ আল বুখারী: ৬১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন